



তারিখ: ৯ আশ্বিন, ১৪৩০ বঙ্গাব্দ  
২৪ সেপ্টেম্বর, ২০২৩ খ্রিষ্টাব্দ

## বিজ্ঞপ্তি

সরকারি ব্রজলাল কলেজের একাদশ থেকে স্নাতক (পাস ও সম্মান) শ্রেণির শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, দুর্ঘটনায় গুরুতর আহত চিকিৎসাধীন শিক্ষার্থীদের প্রধান মন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক এককালীন আর্থিক অনুদান প্রদান করা হয়। চিকিৎসা অনুদান প্রাপ্তির জন্য শিক্ষার্থীকে <https://www.eservice.pmeat.gov.bd/medical> লিংক এ প্রবেশ করে অনলাইনে আবেদন করতে হবে। দুর্ঘটনায় গুরুতর আহত চিকিৎসাধীন শিক্ষার্থী প্রতি ০২ মাস অন্তর বর্ণিত লিংকে প্রবেশ করে আবেদন দাখিল করতে পারবে।

ই-চিকিৎসা অনুদান ব্যবহার নির্দেশিকা (কপি সংযুক্ত) অনুসরণপূর্বক প্রয়োজনীয় কাগজপত্র ডাউন লোড করে ২০২৩-২৪ অর্থ বছরের সেপ্টেম্বর-অক্টোবর প্রান্তের আবেদনের জন্য আগামী ২০.০৯.২০২৩ থেকে ৩১.১০.২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত সিস্টেম ব্যবহার করে আবেদন করার জন্য বলা হলো।

*Sincerely*  
24/9/2023  
(প্রফেসর শরীফ আতিকুজ্জামান)  
অধ্যক্ষ  
সরকারি ব্রজলাল কলেজ, খুলনা  
*Shams*  
24.9.23



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট  
উপবৃত্তি শাখা  
বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, খানমন্ডি, ঢাকা-১২০৯  
www.pmeat.gov.bd



স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০৩.৯৮.০০১.২০.১২৮

তারিখ: ৩ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ  
১৮ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: ষষ্ঠ থেকে স্নাতক ও সমমান শ্রেণির দুর্ঘটনায় গুরুতর আহত অসচ্ছল ও মেধাবী শিক্ষার্থীদের চিকিৎসা অনুদান প্রদানের লক্ষ্যে ২০২৩-২৪ অর্থবছরের সেপ্টেম্বর-অক্টোবর প্রান্তের আবেদন গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ষষ্ঠ থেকে স্নাতক ও সমমান শ্রেণিতে অধ্যয়নরত দুর্ঘটনায় গুরুতর আহত চিকিৎসাধীন অসচ্ছল ও মেধাবী শিক্ষার্থীদের প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক 'দুর্ঘটনায় গুরুতর আহত শিক্ষার্থীদের এককালীন আর্থিক অনুদান প্রদান নির্দেশিকা, ২০২০' অনুসরণপূর্বক এককালীন চিকিৎসা অনুদান প্রদান করা হয়।

২. চিকিৎসা অনুদান প্রাপ্তির জন্য শিক্ষার্থীকে <https://www.eservice.pmeat.gov.bd/medical> -লিংকে প্রবেশ করে অনলাইনে আবেদন করতে হবে। দুর্ঘটনায় গুরুতর আহত চিকিৎসাধীন শিক্ষার্থী প্রতি ২ মাস অন্তর বর্ণিত লিংক ব্যবহার করে অনলাইনে আবেদন দাখিল করতে পারেন। একজন দুর্ঘটনায় গুরুতর আহত শিক্ষার্থী তার চিকিৎসা মেয়াদে একবার মাত্র চিকিৎসা অনুদানের জন্য আবেদন করতে পারবেন। ই-চিকিৎসা অনুদান ব্যবহার নির্দেশিকা অনুসরণপূর্বক প্রয়োজনীয় কাগজপত্র আপলোড করে ষষ্ঠ থেকে স্নাতক ও সমমান শ্রেণির দুর্ঘটনায় গুরুতর আহত চিকিৎসাধীন শিক্ষার্থীদের ২০২৩-২৪ অর্থবছরের সেপ্টেম্বর-অক্টোবর প্রান্তের আবেদনের জন্য আগামী ২০/০৯/২০২৩ থেকে ৩১/১০/২০২৩ খ্রি: তারিখ পর্যন্ত সিস্টেম ব্যবহার করে আবেদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

১৮-০৯-২০২৩

মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ

সহকারী পরিচালক

০২-৫৫০০০৪২৮

ad.stipend@pmeat.gov.bd

উপজেলা মাধ্যমিক/থানা শিক্ষা অফিস (সকল) [সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে বিষয়টি অবহিত করার অনুরোধসহ]।

স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০৩.৯৮.০০১.২০.১২৮/১ (৯)

তারিখ: ৩ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ  
১৮ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সকল জেলা প্রশাসক (সকল);
- ২। জেলা শিক্ষা অফিসার (সকল);
- ৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল);
- ৪। কর্মকর্তা (সকল), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট;
- ৫। কর্মকর্তা (সকল), সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট;
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই. এম. আই. এস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ৮। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ) এবং
- ৯। ব্যক্তিগত সহকারী (ব্যবস্থাপনা পরিচালক/পরিচালক-এঁর সদয় অবগতির জন্য) (সকল)।